শ্রমিকদের ২২ হাজারের দাবি, ১৫ হাজার ৭০০ দিতে চান মালিকরা



ছবি: সংগৃহীত

তৈরি পোশাক খাতের নতুন মজুরি কাঠামো নিয়ে মালিক ও শ্রমিকপক্ষের আলোচনা চললেও এখনো কোনো সমঝোতা হয়নি। সর্বশেষ আলোচনায় শ্রমিকপক্ষ ন্যূনতম ২২ হাজার টাকা মজুরি দাবি করেছে। অন্যদিকে মালিকপক্ষের প্রস্তাব ১৫ হাজার ৭০০ টাকা।

মঙ্গলবার (২৪ নভেম্বর) বিকেলে আলোচনার বিরতিতে প্রেস ব্রিফিংয়ে এ তথ্য জানান নিম্নতম মজুরি বোর্ডের চেয়ারম্যান সৈয়দ আজাদ সুবহানী।

এর আগে ৯ নভেম্বর বোর্ডের দ্বিতীয় সভায় শ্রমিকপক্ষ চতুর্থ গ্রেডের জন্য ৩২ হাজার টাকা এবং নতুন নিয়োগপ্রাপ্ত ও শিক্ষানবিশ শ্রমিকদের ন্যূনতম মজুরি ৩০ হাজার টাকা করার প্রস্তাব দিয়েছিল। বর্তমানে পোশাকশ্রমিকদের সর্বনিম্ন মাসিক মজুরি ১২ হাজার ৫০০ টাকা।

গত সোমবার (২৩ নভেম্বর) তৃতীয় সভায় মালিকপক্ষের প্রস্তাব ও আলোচনার পর শ্রমিকপক্ষ তাদের দাবিতে পরিবর্তন এনে ন্যূনতম মজুরি ২২ হাজার টাকা নির্ধারণের প্রস্তাব দেয়। তবে কোনো সিদ্ধান্ত ছাড়াই সেদিনের বৈঠক মুলতবি করা হয়। মঙ্গলবার দুপুর ২টায় আবার আলোচনা শুরু হয়।

ব্রিফিংয়ে বোর্ড চেয়ারম্যান সৈয়দ আজাদ সুবহানী জানান, নতুন মজুরি কাঠামো নির্ধারণের ক্ষেত্রে বৈশ্বিক পরিস্থিতির পাশাপাশি মালিকপক্ষের সক্ষমতাও বিবেচনায় নেওয়া হচ্ছে।